

প্রথম আলো

তারিখ - 06 MAR. 2015

শিক্ষক-শিক্ষার্থীসহ ২শ জনের বিরুদ্ধে মামলা রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভাংচুর

■ রংপুর প্রতিনিধি .

রংপুরে পুলিশের ওপর হামলা, সরকারি কাজে বাধা ও গাড়ি ভাংচুরের অভিযোগে গতকাল বুধবার বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অজ্ঞাত পরিচয় ২শ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। পুলিশের ওপর হামলা, সরকারি কাজে বাধাদান, গাড়ি ভাংচুর, সড়ক অবরোধের মাধ্যমে জনদুর্ভোগ সৃষ্টির অভিযোগে গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির ইনচার্জ শফিকুল ইসলাম বাদী হয়ে শিক্ষক-শিক্ষার্থীসহ অজ্ঞাতপরিচয় ২শ জনের নামে কোতোয়ালি থানায় ওই মামলা দায়ের করেন।

এদিকে পুলিশের দায়ের করা মামলা প্রত্যাহার এবং শিক্ষক লাহুনাকারী ও মক্ক ভাংচুরসহ অনশনকারীদের ওপর সন্ত্রাসী হামলায় জড়িতদের গ্রেফতারের দাবিতে গতকাল দুপুরে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। সমাবেশে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. পরিমল চন্দ্র বর্মণ।